



## পিপি-নিয়োগ বিজ্ঞপ্তি

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি (এম.আর.এ) কর্তৃক অনুমোদিত পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পল্লী কর্মী সহায়ক ফাউন্ডেশন (পি.কে.এস.এফ) এর সহযোগী সংস্থা হিসেবে দীর্ঘদিন যাবৎ ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, কিশোরগঞ্জ, নেত্রকোনা, নরসিংদী, লালমনিরহাট ও রংপুর জেলায় দক্ষতার সঙ্গে ক্ষুদ্রঋণ-কার্যক্রম পরিচালনা করে আসছে। সংস্থার ক্ষুদ্রঋণ-কার্যক্রম অন্তর্ভুক্ত এলাকায় দীর্ঘসময় সংস্থার সাথে যুক্ত থেকে কাজ করার মানসিকতাসম্পন্ন যোগ্য, সং, কর্মঠ, পরিশ্রমী প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত পদের জন্য দরখাস্ত আহ্বান করছে।

**০১ পদের নামঃ শাখা ব্যবস্থাপক (গ্রেড-১৮)**  
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ স্নাতক/স্নাতকোত্তর। ঋণ কর্মসূচীতে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। সদস্য ও ঋনী যাচাই, সফটওয়্যারের মাধ্যমে রিপোর্ট তৈরী ও চেকিং, শাখার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কাজে অভিজ্ঞ হতে হবে। কম্পিউটারে পারদর্শী এবং PKSF এর অর্থায়নে পরিচালিত সংস্থায় কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতাঃ শিক্ষানবিশকালে (৩ মাস) বেতন ১৮,৯০০+২,০০০ (ক্রেডিট ভাতাসহ) সর্বমোট ২০,৯০০/- টাকা এছাড়াও মোবাইলভাতা, নিজস্ব মোটর সাইকেল থাকলে জ্বালানী খরচ এবং স্থায়ীকরণের পর ২০,৯০৫+২,০০০ (ক্রেডিট ভাতাসহ) সর্বমোট ২২,৯০৫/- টাকা ও নিম্নে উল্লেখিত অন্যান্য সুযোগ সুবিধা।

**০২ পদের নামঃ সহকারী শাখা ব্যবস্থাপক (গ্রেড-১৯)**  
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ স্নাতক/ সমমান। ঋণ কর্মসূচীতে হিসাব সংক্রান্ত কাজে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যারের মাধ্যমে রিপোর্ট তৈরী ও চেকিং এর কাজে অভিজ্ঞ হতে হবে। কম্পিউটারে পারদর্শী এবং PKSF এর অর্থায়নে পরিচালিত সংস্থায় কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। বেতন ভাতাঃ ৩ মাস শিক্ষানবিশকালে বেতন ১৫,৫০০+১,৫০০/- (ক্রেডিট ভাতাসহ) সর্বমোট ১৭,০০০/- টাকা ও মোবাইলভাতা এবং স্থায়ীকরণের পর ১৭,১৯৫+১,৫০০/- (ক্রেডিট ভাতাসহ) সর্বমোট ১৮,৬৯৫/- টাকা ও নিম্নে উল্লেখিত অন্যান্য সুযোগ সুবিধা।

**০৩ পদের নামঃ ড্রাইভার (গ্রেড-২০)**  
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ এস.এস.সি/সমমান। কোন প্রতিষ্ঠানে ড্রাইভার হিসাবে ন্যূনতম ৩ বছর কাজের অভিজ্ঞতা ও অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সকল (হেভী/লাইট) ধরনের গাড়ী চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর।  
বেতন ভাতাঃ ৬ মাস শিক্ষানবিশকালে বেতন ১৩,২০০/- টাকা। স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ১৪,৬২৩+১,০০০/- (ব্যক্তিভাতাসহ) সর্বমোট ১৫,৬২৩/- টাকা। এছাড়াও ২ টি উৎসব ভাতা, বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও সংস্থার অন্যান্য সুযোগ-সুবিধা। অফিসের প্রয়োজনে নির্বাচিত প্রার্থীকে কর্ম এলাকার বিভিন্ন জেলায় যেতে হবে।

**বিঃদ্রঃ** ১ ও ২ নং পদের নির্বাচিত প্রার্থীদের স্থায়ীকরণের পর বেতন ছাড়াও বাৎসরিক ইনক্রিমেন্ট, ২টি উৎসব ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, আবাসন সুবিধা (একক), মোবাইলভাতা, মোটরসাইকেল জ্বালানী খরচ (শুধুমাত্র ১নং পদের জন্য প্রযোজ্য), দৈনন্দিন ভ্রমণভাতা/ লাঞ্চভাতা, দুরত্বভাতা এবং হাওড়ভাতা (অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন, নিকলি, হিলুচিয়া, লিপসিয়া, খালিয়াজুরি ও আগানগর শাখা) ভোগ করবেন। ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম এবং কক্সবাজারের জন্য শহর ভাতা পাবেন। এছাড়াও কর্মসূচীর লক্ষ্যমাত্রা অর্জনের উপর উল্লেখযোগ্য পরিমান উৎসাহ ভাতাসহ (ইনসেন্টিভ) সংস্থার অন্যান্য সুযোগ সুবিধা।

### অন্যান্য শর্তাবলীঃ

- ১নং পদের নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় জামানত বাবদ ১৫,০০০/- টাকা (সুদসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
- ২নং পদের নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় জামানত বাবদ ১৪,০০০/- টাকা (সুদসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
- ১ ও ২নং সকল পদের জন্য আবেদনপত্রের সাথে ১০০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার “পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)” এর অনুকূলে প্রদান করতে হবে।
- রংপুর বিভাগের নির্বাচিত প্রার্থীদের ঢাকা বিভাগের বিভিন্ন জেলায় নিয়োগ দেয়া হবে। কক্সবাজার ও চট্টগ্রাম জেলায় কাজ করতে অগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১ ও ২নং পদের প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা, শেষ কর্মস্থলের ছাড়পত্র (প্রযোজ্যক্ষেত্রে) এবং অভিজ্ঞতার মূল সনদপত্র (যদি থাকে) সঙ্গে আনতে হবে।
- সকল পদের প্রার্থীদেরকে খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

### \*\*\*আবেদনের নিয়মাবলী\*\*\*

অগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি সদ্যতোলা রসিন ছবি (ল্যাবপ্রিন্ট), দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক ও একজন নিকট আত্মীয়) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ৩১/১২/২০১৭ইং তারিখের মধ্যে “উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭” এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, এই বিজ্ঞপ্তি ছাড়াও উপরে উল্লেখিত নিয়মে ও ঠিকানায় সারা বছর উল্লেখিত পদ সমূহের জন্য পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত গ্রহণ করা হয় এবং পরীক্ষার মাধ্যমে প্রয়োজন মোতাবেক নিয়োগ দেওয়া হয়।

web: [www.popibd.org](http://www.popibd.org)

“ নারী-শিশু নির্ধাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ ”